নিউপোর্ট প্রাইমারি স্কুল 1FE বরাবর সম্প্রসারণ করার প্রস্তাবনার উপর পরামর্শকরণ

পরামর্শকরণ সময়কালঃ 9ই জানুয়ারি- 5ই ফেব্রুয়ারি 2012

অতীত তথ্যাবলী

আপনার হয়ত জানা আছে যে ওয়ালথাম ফরেষ্ট বারায় জন্ম হার উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি পেয়েছে এবং এর পাশাপাশি সাম্প্রতিক বছরগুলোতে অনেক নূতন নূতন পরিবার বসবাসের জন্য এখানে এসেছে। এর অর্থ হল বর্তমানে চাহিদার সামাল দিতে বারার প্রাইমারি স্কুলে পর্যাপ্ত আসন ব্যবস্থা নেই।

স্থানীয় কর্তৃপক্ষসমূহের (এল এ) উপর তাদের এলাকাতে পর্যাপ্ত পরিমাণ আসন ব্যবস্থার বন্দোবস্ত করার সংবিধিবদ্ধ দায়দায়িত্ব বর্তায়। ওয়ালথাম ফরেষ্ট কাউন্সিল ইতিমধ্যে এ ব্যাপারে পরামর্শ করেছে এবং প্রাইমারি স্কুলের স্থায়ী সম্প্রসারণের প্রথম দুইটি পর্যায়ের কাজ বাস্তবায়ন করছে। যে সব স্কুলের সম্প্রসারণ করা হবে তাদের তালিকা নিচে দেয়া হল।

স্থায়ী সম্প্রসারণের জন্য পরামর্শ করা হয়ঃ

স্কুল	সম্প্রসারিত আকার (এফ ই)	সম্প্রসারণের তারিখ
উইলো ব্রুক প্রাইমারি স্কুল	2FE থেকে 3FE	সেপ্টেম্বর 2009
সেন্ট সেভিয়ার্স সিই ভিএ প্রাইমারি স্কুল	1FE থেকে 2FE	সেপ্টেম্বর 2009
জর্জ মিশেল (প্রাইমারি পর্যায়)	1FE থেকে 2FE	সেপ্টেম্বর 2010
এডিনবার্গ প্রাইমারি স্কুল	1FE থেকে 3FE	সেপ্টেম্বর 2010
ওয়েলিংটন প্রাইমারি স্কুল	1FE থেকে 2FE	সেপ্টেম্বর 2011
দ্য উডসাইড স্কুল	3FE থেকে 4FE	সেপ্টেম্বর 2011
জর্জ টমলিনসন প্রাইমারি স্কুল	2FE থেকে 3FE	সেপ্টেম্বর 2011
জন জোনস প্রাইমারি স্কুল	1FE থেকে 2FE	এপ্রিল 2012
বাক্সটন স্কুল (প্রাইমারি পর্যায়)	3FE থেকে 4FE	সেপ্টেম্বর 2012

সম্ভাব্য স্থায়ী সম্প্রসারণের জন্য দ্বিতীয় পর্যায়ের প্রস্তাবিত স্থায়ী প্রাইমারি স্কুল সম্প্রসারণের প্রস্তাবনায় আরো স্কুল চিহ্নিত করা হয়েছে। এই প্রস্তাবনার মধ্যে নিউপোর্ট প্রাইমারি স্কুলকে **3FE থেকে 4FE** এ সম্প্রসারণ করার প্রস্তাবনা রয়েছে।

প্রস্তাবিত স্থায়ী সম্প্রসারণঃ

স্কুল	সম্প্রসারিত আকার (এফ ই)
দ্য উইন্স প্রাইমারি স্কুল	3FE থেকে 4FE
নিউপোর্ট প্রাইমারি স্কুল	3FE থেকে 4FE
দ্য উডসাইড প্রাইমারি স্কুল	4FE থেকে 6FE
ডেভিস লেন প্রাইমারি স্কুল	2FE থেকে 4FE
হিলিফিল্ড প্রাইমারি স্কুল	3FE থেকে 6FE
মিশন গ্রোভ প্রাইমারি স্কুল	2FE থেকে 4FE
সেন্ট ম্যারিস ক'ফে প্রাইমারি স্কুল	1FE থেকে 3FE
স্টোনি ডাউন পার্ক প্রাইমারি স্কুল	1FE থেকে 2FE

লেইটনে স্কুল আসন

লেইটন সাউথ প্লানিং এলাকাতে ক্রমবর্ধমান জন্ম হার বৃদ্ধির ফলে রিসেপশানে ভর্তির সংখ্যাও বৃদ্ধি পাচ্ছে। 2012/13 সাল থেকে রিসেপশানে ভর্তির জন্য এই এলাকার স্কুলগুলোতে বর্তমানের আসন সংখ্যা চাহিদা অনুযায়ী যথেষ্ট নয়।

2011 এ ইতিমধ্যে নিউপোর্ট প্রাইমারি স্কুল একটি অতিরিক্ত রিসেপশান ক্লাসের ব্যবস্থা গ্রহণ করেছে। এই প্রস্তাবনার ফলে সেপ্টেম্বর 2012 থেকে ভর্তির জন্য নূতন স্থায়ী আসনের বন্দোবস্ত করার অনুমতি লাভ করবে।

প্রস্তাবনা

নিউপোর্ট প্রাইমারি স্কুলের জন্য প্রস্তাবনাটি হল একটি ক্লাসে ভর্তির (বছরে শুধুমাত্র একবার ভর্তি করা হবে) মধ্যে দিয়ে স্কুলের অবকাঠামোগত ধারণক্ষমতা বৃদ্ধি করে স্কুলটির কলেবর বৃদ্ধি করা।1 সেপ্টেম্বর 2012 ও এর পরবর্তী বছরগুলোতে রিসেপশান শ্রেণীতে যে সংখ্যক ছাত্র ছাত্রী ভর্তি করা হবে তাদের সংখ্যা 90 থেকে বৃদ্ধি পেয়ে 120 হবে। নার্সারীতে যে সংখ্যক ছাত্র ছাত্রী ভর্তি করা হবে তার সংখ্যা থাকবে 52টি পূর্ণকালীন আসন সংখ্যার সম পরিমাণ।

স্কুলের ভবনে কি কোন পরিবর্তন হবে?

কাউন্সিল স্কুলটির মূল্যায়ন করবে এবং উপযুক্ত মানসম্পন্ন শিক্ষা প্রদান ও অনুকূল শিক্ষার পরিবেশ প্রদানের জন্য ভবনের পরিবর্তন, পুনর্সংস্কার এবং ভবনের ভিতর বা বাহিরের যে কোন প্রয়োজনীয় মেরামতের কাজ করবে।

Waltham Forest

পিতামাতা ও লোকাল কমিউনিটি পরামর্শকরণ বৈঠক:
10 ই জানুয়ারি 2012 সকাল 9টা
10 ই জানুয়ারি 2012 বিকাল 5.30টা

কাদের সাথে পরামর্শ করা হচ্ছে?
নিম্নলিখিত গ্রুপগুলোর সাথে অবশ্যই পরামর্শ করা হবে

- নিউপোর্ট প্রাইমারি স্কুলের গভর্নিং বডি
- এই প্রস্তাবনার ফলে যে সব পিতামাতা, কেয়ারার, শিক্ষক এবং ছাত্র ছাত্রী হয়ত প্রভাবিত হবেন তাদের সাথে
- ওয়ালথাম ফরেষ্ট এডমিশান্স ফোরাম
- স্বার্থ থাকতে পারে এমন আশেপাশের বারা ও স্কুলগুলো
- অন্য কোন আগ্রহী দল (যেমন, ডায়োসেস (চার্চ), আর্লি ইয়ার)

আমরা বাস্তবিকপক্ষে যতটুকু সম্ভব সব স্কুল ও নার্সারী স্টাফ, ট্রেড ইউনিয়ন, দ্য রেস ইকুয়ালিটি কাউন্সিল সহ স্থানীয় স্বেচ্ছাসেবী সংগঠন, ধর্মীয় দল এবং জনসাধারণের সাথেও পরামর্শ করবো।

এর পর কি হবে?
এই পরামর্শকরণ সময় শেষে কাউন্সিল যে সব প্রত্যুত্তর পাবে সেগুলোর সম্ভাব্যতা যাচাই করবে। কাউন্সিল যদি প্রস্তাবনাটি নিয়ে এগুতে চায় তাহলে একটি সংবিধিবদ্ধ বিজ্ঞপ্তি জারি করা হবে। এর পর প্রস্তাবনার উপর আপনার মতামত ও মন্তব্য প্রকাশের চূড়ান্ত একটি সুযোগ থাকবে। পরামর্শকরণের শেষ পর্যায়ে প্রস্তাবনাটি বাস্তবায়ন করা হবে কিনা সে ব্যাপারে কাউন্সিল একটি সিদ্ধান্ত গ্রহণ করবে।

চেয়ার অফ গভর্নরের (গভর্নরদের সভাপতি) কিছু কথা
নিউপোর্ট স্কুলকে একটি ফোর ফর্ম এন্ট্রি স্কুলে (চার পর্যায়ে ভর্তির ব্যবস্থা) সম্প্রসারণের প্রস্তাবনায় পরামর্শকরণের জন্য গভর্নরগন সম্মত হয়েছেন। আমরা দৃঢ় বিশ্বাসী যে বর্তমানে স্কুলটিকে সম্প্রসারণের জন্য উপযুক্ত অবস্থানে রয়েছি। প্রস্তাবনার উপর আমরা আপনার মতামত জানতে চাই এবং আমি আপনাকে এই ডকুমেন্টটি পড়ার অনুরোধ জানাবো এবং সম্ভব হলে একটি পরামর্শকরণ মিটিং এ শরিক হবার অনুরোধ জানাবো। স্কুল ও লোকাল অথরিটির ব্যাপারে আপনার প্রশ্ন থাকলে বৈঠকটি হবে সেগুলো উত্থাপনের সুযোগ। আপনি যদি অংশগ্রহণ করতে না পারেন তাহলে আপনি চিঠি লিখে বা ইমেইলের মাধ্যমে আপনার মতামত জানাতে পারবেন।

বৈঠকগুলোর যে কোন একটিতে আমি আপনার সাথে সাক্ষাতের অপেক্ষায় আছি।

এই পর্যায়ের পরামর্শকরণের জন্য সময়সীমা কতটুকু?
5 ই ফেব্রুয়ারি 2012 তারিখের বিকাল 5টায় এই পর্যায়ের পরামর্শকরণ শেষ হবে। আপনার জন্য প্রস্তাবনার উপর মন্তব্য প্রদান, মতামত প্রকাশ এবং পরামর্শ ও পর্যবেক্ষণ প্রদানের এটি একটি সুযোগ।

প্রস্তাবিত সম্প্রসারণের উপর আরো বিস্তারিত www.walthamforest.gov.uk/newport এ পাওয়া যাবে

পরামর্শকরণের জন্য প্রস্তাবিত সময়সীমা

তারিখ	*কর্মকাণ্ড*
9 জানুয়ারি '12	পরামর্শকরণ শুরু
10 জানুয়ারি '12 (সকাল9টা/বিকাল5.30টা)	পিতামাতা ও স্থানীয় কমিউনিটিদের জন্য বৈঠক
5 ফেব্রুয়ারি '12	পরামর্শকরণের সময়কাল শেষ
5 মার্চ '12	সংবিধিবদ্ধ প্রজ্ঞাপন প্রকাশ
2 এপ্রিল '12	আত্মপক্ষ সমর্থনের সময়কাল শেষ
15 মে '12	ক্যাবিনেটের সিদ্ধান্ত
1 সেপ্টেম্বর '12	বাস্তবায়ন

আমি কীভাবে যোগাযোগ করতে পারি?
অনুগ্রহ পূর্বক আপনার নাম, স্বাক্ষর ও ঠিকানা উল্লেখ পূর্বক আপনার প্রত্যুত্তর **5 ফেব্রুয়ারি 2012** এর বিকাল **5**টার মধ্যে নিচের ঠিকানায় পাঠাবেনঃ

Rhona Long, SOPD, PO Box 416,
Silver Birch House, Uplands Business Park, Blackhorse Road, London E17 5SD
rhona.long@walthamforest.gov.uk
ফ্যাক্সঃ 020 8496 3688; **টেলিঃ** 020 8496 3538

বিকল্প ব্যবস্থা হিসাবে আপনি দয়া করে আপনার স্কুলের রিসেপশান অঞ্চলে রক্ষিত রেস্পন্স বাক্সে আপনার প্রত্যুত্তর রেখে দিন।

এই ডকুমেন্টটি ভিন্ন শৈলীতে ও ভাষাতে পাওয়া যেতে পারে। দয়া করে রোনা লং (উপরে প্রদত্ত যোগাযোগের বিস্তারিত অনুযায়ী) এর সাথে যোগাযোগ করুন।

Waltham Forest

নিউপোর্ট প্রাইমারি স্কুল 1FE বরাবর সম্প্রসারণ করার প্রস্তাবনার উপর পরামর্শকরণ

প্রত্যুত্তর অংশ

☐ নিউপোর্ট প্রাইমারি স্কুলের জন্য প্রস্তাবনাটিতে আমি সমর্থন করি

☐ নিউপোর্ট প্রাইমারি স্কুলের জন্য প্রস্তাবনাটিতে আমি সমর্থন করি না

মন্তব্যঃ

____

____

____

____

____

____

____

____

____

____

নামঃ ______________________________

ঠিকানাঃ ______________________________

____

স্বাক্ষরঃ

Waltham Forest

পরামর্শকরণ সময়কালঃ 9ই জানুয়ারি- 5ই ফেব্রুয়ারি 2012

অনুগ্রহ পূর্বক আর কোন মন্তব্য থাকলে সেটি আলাদাভাবে লিখুন

Waltham Forest